উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

জুন/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ৩০ জুন ২০২৫ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। শুরুতেই তিনি ২০২৪-২০২৫ অর্থ বৎসরের সকল কর্মসূচী সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং পরিষদের সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিকভাবে ধন্যবাদ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br><br>তিনি জানান যে, ২০২৪-২৫ অর্থ বৎসরের ২৬ ডিসেম্বর ২০২৪ইং তারিখে মোট ১,৯৪,২৫,১৪১.০০ টাকার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনায় ৪৪টি পূর্ত কাজ এবং সরবারহ, প্রশিক্ষণ ও সামাজিক কর্মসূচী বাস্তবায়নের জন্য খাত ওয়ারী বেশ কয়েকটি প্রকল্প অর্ন্তভূক্ত ছিল, যাহার বিভাজন ১২টি প্রকল্পের বিপরীতে ফেব্রুয়ারী মাসের মাসিক সভায় অনুমোদন দেওয়া হয়। পরবর্তী মার্চ এবং মে মাসের মাসিক সভায় ১টি বীজ ও সার সরবরাহ এবং ৩টি পূর্ত কাজের জন্য ১১,০২,৫১৬.০০ টাকা অনুমোদন দেওয়া হয়।<br><br>তিনি উল্লেখ্য করেন যে, জুলাই ২০২৪ মাসে ৩২,৯৯,৭৮২.৪১ টাকার ১০টি প্রকল্প জরুরী ভিত্তিতে অনুমোদন দেওয়া হয়েছিল। যার মধ্যে ৯টি প্রকল্পের কাজ বাস্তবায়ন হয়েছে।<br><br>বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সারমর্ম হিসেবে তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বৎসরে মোট ২,০৭,১৬,৮৩৩.০০ টাকা ব্যয়ে মোট ৬৪টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। যেখানে ৫১টি পূর্ত, ৯টি সরবরাহ/বিতরণ/সামাজিক ও ৪টি প্রশিক্ষণ প্রকল্প অর্ন্তভূক্ত ছিল। | ২০২৪-২০২৫ অর্থ বৎসরের গৃহীত উন্নয়ন পরিকল্পনা সফলতার সহিত শেষ করার জন্য পরিষদের পক্ষ হতে উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পূর্ণাঙ্গ অগ্রগতি প্রতিবেদন জুলাই মাসেই স্থানীয় সরকার বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ এবং মেসার্স তাইয়্যিবা এন্টারপ্রাইজ, শাহজালাল উপশহর, সিলেট এর Performance Security হিসেবে দাখিলকৃত Bank Guarantee নগদায়ন পূর্বক সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে সমুদয় অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান এবং উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান যেন আগামী ২ বৎসর গোলাপগঞ্জ উপজেলা পরিষদের যে কোন ধরণের উন্নয়ন/মেরামত/ সরবরাহ কাজে অংশ গ্রহণ করতে না পারে সে বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি আরো জানান যে, ১৩ এপ্রিল ২০২৫ইং তারিখে গোলাপগঞ্জ, বুধবারীবাজার ও শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ মেরামত/সংস্কারের জন্য ৩০ লক্ষ টাকা এবং ৭ মে ২০২৫ইং তারিখে শাপলা কোয়াটার, কুশিয়ারা ও অরুণিমা আবাসিক ভবন মেরামত/সংস্কারের জন্য ৪০ লক্ষ টাকা বিশেষ বরাদ্দ পাওয়া যায়। জরুরী ভিত্তিতে নীতি মালা অনুযায়ী দরপত্র আহবান করে মেরামত/সংস্কার কাজ সমূহ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। যেখানে ৬৮,৪৯,৯৪৫.০০ টাকা ব্যয় হয়েছে। এ বিষয়ে পূর্ণাঙ্গ প্রকল্প তালিকা (অগ্রগতি প্রতিবেদন) পরিশিষ্ট-খ তে সংযুক্ত করা হয়েছে।<br><br>উপজেলা প্রকৌশলী পরিষদের দৃষ্টি আকর্ষণ করে আরো জানান যে, শরীফগঞ্জ ইউনিয়নের ৩টি প্রকল্পের জন্য (প্যাকেজ নং- e-GP/SYL/GOLAP/ADP-2024-2025/11) চুক্তিবদ্ধ ঠিকাদারী প্রতিষ্টান মেসার্স তাইয়্যিবা এন্টারপ্রাইজ, শাহজালাল উপশহর, সিলেট ৩০ জুন ২০২৫ইং তারিখে মধ্যে ৩টি প্রকল্পেরই কাজ বাস্তবায়নে ব্যর্থ হয়েছেন। ফলে ঠিকাচুক্তির শর্ত মোতাবেক তাঁর Performance Security নগদায়ন পূর্বক সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে সমুদয় অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান এবং ২(দুই) বৎসরের জন্য উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানকে Debar করা যেতে পারে। অপরদিকে মূল পরিকল্পনার অর্ন্তভূক্ত ২টি পিআইসি প্রকল্পের কাজ বাস্তবায়ন সম্ভবপর হয়নি। বর্ণিত ৫টি প্রকল্প জনগুরুত্বপূর্ণ হওয়ায় ২০২৫-২০২৬ অর্থ বৎসরের প্রথম সভায় পুনঃঅনুমোদন দেয়া যেতে পারে। | প্রকল্প জনগুরুত্বপূর্ণ হওয়ায় ২০২৫-২০২৬ অর্থ বৎসরের প্রথম সভায় পুনঃঅনুমোদনের জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮৩৮৩ জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৯৪ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ১৭০৫ জন, সেবাপ্রাপ্ত ২৯ জন, জরুরি প্রসব সেবা ৪৬ । তিরি আরও জানান হাসপাতালে চিকিৎসক স্বল্পতার কারনে সার্বিক স্বাস্থ্যসেবা ব্যহত হচ্ছে বলে সভায় অবহিত করেন। এছাড়া তিনি আরও জানান আগামী ডিসেম্বর ২০২৫ মাস নাগাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর পুরনো বিল্ডিং WHO Fund থেকে বাস্তবায়ন শুরু হতে পারে বলে সভায় অবহিত করেন। তিনি বলেন কোভিড ও ডেঙ্গু জ্বর নিয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। | স্বাস্থ্য কমপ্লেক্স এর স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প.প. কমকর্তা |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, এ অর্থ বছরে ১১৭২৮হে: জমিতি আমন রোপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বিভিন্ন প্রণোদনা কার্যক্রম চলমান। এছাড়া তিনি আরো জানান আগ্রাসী প্রজাতির ইউক্যালিপটাস এবং আকাশমনি গাছের চারা রোপন উত্তোলন ও বিক্রয় করা নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে তিনি জনসচেতনতা তৈরির জন্য সকলের প্রতি অনুরোধ জানান। | সরকারি নির্দেশনা অনুযায়ী আগ্রাসী প্রজাতির ইউক্যালিপটাস এবং আকাশমনি গাছের চারা রোপন উত্তোলন ও বিক্রয় না করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা/ কমকর্তা ও সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ জুলাই মাসের সম্ভাব্য ২২ তারিখের সারা দেশব্যাপী অনুষ্ঠিত হবে। প্রতি বছর ন্যায় এই বছরেও সাতদিন ব্যাপী বিভিন্ন কার্যক্রম অধিদপ্তর/মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণ করা হয়েছে। সভায় সাতদিনের কার্যক্রমপাঠ করে শুনানো হয় এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন মৎস্য আইন বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দসহ সকলের সহযোগিতা কামনা করেন। | জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ সারা দেশব্যাপী এ উপজেলা সুন্দর সুষ্ঠুভাবে পালন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং ম্যাজিক জাল, কারেন্ট জাল ব্যবহার ও বিক্রয়কারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ২৩২২টি, হাঁস মুরগীর চিকিৎসা ১০,৭৪৬টি, কৃত্রিম প্রজনন ১৫২টি, গবাদি পশুর টিকা প্রদান ৪,৯৮০টি, হাঁস মুরগীর টিকা প্রদান ২৫,৮০০টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ৬ একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৮ টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম ০২ টি। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান,<br>১। ভাদেশ্বর ইউপির অর্ন্তগত নয়া বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২। বাঘা ইউপির অর্ন্তগত পূর্ববাঘা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩। হাতিমনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৪। বুধবারী বাজার ইউপির অর্ন্তগত কেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫। বুধবারী বাজার ইউপির অর্ন্তগত চন্দনপুর সরকারি ও ৬। বাদেপাশা ইউপির অর্ন্তগত বাগলা সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ নদীভাঙ্গনে ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। উক্ত বিদ্যালয়গুলোকে অতিদ্রুত নদীভাঙ্গন হতে রক্ষা করা প্রয়োজন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রাথমিক শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখা এবং নদী ভাঙ্গানে ঝুকিপূর্ণ বিদ্যালয় গুলোর জন্য পানি উন্নয়ন বোর্ড বরাবর যোগাযোগ রক্ষার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, জলবায়ু সচেতনা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব ব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে" লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারী এডুকেশন" প্রজেক্টের মাধ্যমে অত্র গোলাপগঞ্জ উপজেলার এমপিওভুক্ত/ সরকারি ৪৮টি প্রতিস্তানে ৫,০০০/- (পাঁচ হাজার) করে অনুদান দেয়া হয়েছে। উক্ত টাকা দিয়ে প্রত্যেক প্রতিষ্ঠানে ১টি করে ফলজ ও ১টি বনজ চারা রোপন করে পরবর্তীতে নিবিড় পরিচর্চা করা হবে।<br>২। তিনি আরও জানান বাল্য বিবাহ রোধকল্পে প্রত্যেক শিক্ষা প্রতিষ্টানের প্রধানদের মাধ্যমে অনুপস্থিত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ করা হবে।<br>৩। এইচ এসসি/সমমানের পরীক্ষা-২০২৫ অত্র উপজেলায় এখন পর্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | গোলাপগঞ্জ উপজেলায় বাল্য বিবাহ রোধকল্পে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীগণ অনুপস্থিত বিষয়ে প্রধানশিক্ষক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং ২০২৫ সালের এইচএসসি/সমমান/পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /প্রতিষ্টানের প্রধানশিক্ষক/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকলেপর আওতায় নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া | ২০২৫-২০২৬ অর্থ বৎসরের নলকূপসমূহ উপজেলা ওয়াটসন কমিটির সভার | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২৫-২০২৬ অর্থ বৎসরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে ২৮টি করে নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা ওয়াটসন কমিটির সভার মাধ্যমে উক্ত নলকূপ ইউনিয়ন ওয়ারী বরাদ্দ প্রদান করা হবে। | মাধ্যমে ইউনিয়ন ওয়ারী বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের ৪র্থ কিস্তির পেরোল পূর্ণরুপ প্রেরণ করা হয়েছে। সকল উপকারভোগী ইতিমধ্যে ইতিমধ্যে তাদের নগদ হিসাবে টাকা পেয়েছেন। আগামী ২০২৫-২৬ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল সেমপ্টেম্বর/২৫ খ্রি, তারিখে প্রেরণ করা হবে। সে লক্ষ্যে উপজেলা সমাজসেবা কর্যালয়ের পক্ষ থেকে নিভূলভাবে উপকারভোগীদের একাউন্টে টাকা প্রেরণের জন্য বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউপি চেয়ারম্যাগেণদের সহযোগিতায় উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। লাইভ ভেরিফিকেশনে প্রাপ্ত সঠিক তথ্যের ভিত্তিতে ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম কিস্তির টাকা সঠিক উপকারভোগীদের একাউন্টে প্রেরণে ইউপি চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম কিস্তির টাকা সঠিক উপকারভোগীদের একাউন্টে প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান বায়োগ্যাস প্লান্ট স্থাপনের বিষয়ে ২০জন উদ্যোক্তা খামারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এই অর্থ বছরে মোট ৮০জনকে বায়োগ্যাস প্লান্ট বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়েছে এর মধ্যে ০৫ জন খামারী যুব উন্নয়ন অফিসের সহায়ত প্লান্ট স্থাপন করেছেন। প্লান্ট স্থাপন বিষয়ক প্রশিক্ষণ ও লক্ষমাত্রা নতুন অর্থ বছরে নতুনভাবে নির্ধারিত হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাব চলমান রয়েছে। | যুব প্রশিক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কমকর্তা |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান ২০২৪-২০২৫ অর্থবছরে ঋণ বিতরণ ১৩.৭৮লক্ষ টাকা এবং ঋণ আদায় ৩২.০৮লক্ষ টাকা। এছাড়া দপ্তেরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, জুন/২৫ মাস পর্যন্ত মোট ১২০ টি অডিট কার্য সম্পন্ন হয়েছে । সরকারি রাজস্ব অডিট সেল ও ভ্যাট ১০০% আদায় হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কমকর্তা |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বোরো সংগ্রহ/২৫ মৌসুমে ৭৩৯.০০০মে:টন, বোরো ধান ৫৭.০০মে.টন, আতপ চাল ৭৬.০০ মে.টন, সিদ্ধ চাল সংগ্রহ সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২৪-২৫ অর্থবছরের তালিকা চূড়ান্ত অনুমোদনের সময়সীমা শেষ হয়েছে। যেসব ইউনিয়ন মাসিক বরাদ্দ ৯(নয়) জনের সুপারিশকৃত তালিকার হার্ডকপি ও সফটকপি প্রেরণ করেছেন শুধুমাত্র সেসব ইউনিয়নের তালিকা অনুমোদন করা হয়েছে। পরবর্তী অর্থবছরে নতুন কোন নির্দেশনা পাওয়া গেলে তা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। তিনি আরও জানান, ভিডব্লিউবি ২০২৫-২০২৭ চক্রের উপকারভোগী বাছাইয়ের জন্য ইউনিয়ন কমিটি হতে ছক-২ লক্ষনাবন্দ ও পশ্চিম আমুড়া ব্যতীত বাকী ইউনিয়ন হতে পাওয়া গিয়াছে। বর্তমানে উপজেলা কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের কাজ চলমান। নির্ধারিত সময়ে ছক-২ প্রেরণ না করলে চূড়ান্ত অনুমোদন কাজে বিলম্ব ঘটে, যা পুরো কার্যক্রম বাস্তবায়নে অসুবিধার সৃষ্টি করে। এছাড়া সফ্ওয়্যার বন্ধ হয়ে যাওয়ায় সম্ভবনা রয়েছে এব্যাপরে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ অন্যান্য কার্যক্রম স্বাভাটমাসের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | লক্ষনাবন্দ ও পশ্চিম আমুড়া ইউপি এর ভিডব্লিউবি ২০২৫-২০২৭ চক্রের উপকারভোগী বাছাইয়ের তালিকা অতিদ্রুত প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগন |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা, ঝড়ে পড়া এবং ঝুকিপূর্ণ আকাশমনি ৫টি গাছ ও উপজেলা পরিষদের সামনে ২টি ইউক্যালিপটাস গাছ এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসার সম্মুখে ৮টি ইউক্যালিপটাস গাছসহ সর্বমোট ১৫টি গাছ রয়েছে। যেগুলো অত্যন্ত পরিবেশের জন্য ক্ষতিকর এবং আগ্রাসী গাছ হিসাবে সরকার ইউক্যালিপটাস ও আকাশমনি গাছ রোপন এবং উত্তোলনে নিষেধ করা হয়েছে সুতরাং উল্লেখিত গাছগুলো অপসারনের প্রয়োজনীয়তা রয়েছে। ইতিমধ্যে বন বিভাগের পক্ষ থেকে আকাশমনি ও ইউক্যালিপটাস এর চারা উৎপাদন বন্ধ করা হয়েছে এবং জনস্বার্থে গাছের চারা উত্তোলন ও বিক্রয় নিরুৎসাহিত করার কাজ চলমান রয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক অনুযায়ী উপজেলা বন কর্মকর্তা/ ফরেস্টার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা / উপজেলা প্রকৌশলী |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, মোট সমিতি ২৮৭টি, মোট সদস্য সংখ্যা ১০,৬০০জন, মোট সঞ্চয় ৬ কোটি ২৫ লক্ষ টাকা, মোট বিতরণ ১৪ কোটি ৪২ লক্ষ টাকা, মোট আদায় ৯ কোটি ৬৫ লক্ষ টাকা। মোট লাভ অর্থ বছরে খরচ বাদে শেষে নীট ১৮ লক্ষ ৭৭ হাজার টাকা। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমনা রয়েছে। | চলমান কার্যক্রম গতিশীল রাখার শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্রবিমোচন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২/২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি | পরবর্তী সভায় উপস্থিত নিশ্চিত করার অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী বিএডিসি |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২২ | উপজেলা তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান, দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | চলমান কার্যক্রম গতিশীল রাখার শাখা ব্যবস্থাপককে | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ |
| ২/ ২৩ | বিবিধ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -১ শাখার স্মারক নং স্থাসবি/উপ-১/যানবাহন-১/২০০৯/০৪ তারিখ ০৫/০১/২০১০ এর (গ)নং অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ি স্টার্ট দেওয়ার জন্য প্রতি মাসে ১৩.৫০ লি.অকটেন বাবদ জানুয়ারি-জুন/২০২৫ পর্যন্ত মোট ১৪,৯০৬/-বিল জীপগাড়ি চালক দাখিল করেছেন। উক্ত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উক্ত বিলটি পজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব আলী আছকর, পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম , মালীর জুন, ২০২৫ মাসের মজুরী বাবদ (৯,৯০০/-+৯,৯০০/) চেক প্রদান চেক নং ৮৪০৩৯৮৯-৯০ তাং: ৩০/০৬/২০২৫। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল, গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। । উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মিলটন চন্দ্র পাল
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৪.৪৬.৯১৩৮.০০০.০০.০০২.২২.৪ তারিখঃ ৩০/০৬/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৬। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী-------------------------------- সিলেট।
০৮। উপজেলা--------------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৯। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
১০। অফিস নথি/ মাষ্টার ফাইল।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট
Email:unogolapganjsyl@gmail.com

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যগণ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান,০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ১৬ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা বন কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | স্বাক্ষরিত |
| ২৮ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| ৩২ | পরিসংখ্যান কর্মকর্তা | | স্বাক্ষরিত |
| | | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ০২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | |
| ০৩ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) | |
| ০৪ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | |